কালের কণ্ঠ

তারিখ 21 MAY 2015
পৃষ্ঠা ২০ কলাম ২

# ঢাবি উপাচার্যসহ ১০ বিশিষ্টজনকে হত্যার হুমকি

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম ও গণজাগরণ মঞ্চের মুখপাত্র ডা. ইমরান এইচ সরকারসহ ১০ বিশিষ্ট নাগরিককে হত্যার হুমকি দিয়েছে আল কায়েদা-আনসারুল্লাহ বাংলা টিম-১৩।

গতকাল বুধবার ডাকযোগে প্রত্যেকের নামে পাঠানো ইংরেজিতে লেখা চিঠিতে এ হুমকি দেওয়া হয়। চিঠি পাওয়ার বিষয়টি কালের কণ্ঠকে নিশ্চিত করেছেন ঢাবির

▶▶ পৃষ্ঠা ৮ ক. ৬

## ঢাবি উপাচার্যসহ

▶▶ শেষ পৃষ্ঠার পর

উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক এবং ঢাবির জগন্নাথ হলের প্রভোস্ট ড. অসীম সরকার।

জঙ্গি সংগঠনটির নামে পাঠানো ওই চিঠির ওপরে লেখা রয়েছে, 'মাস্ট উইল প্রিপেয়ার ফর ডেড।' এর নিচে ক্রমিক নম্বর দিয়ে লেখা রয়েছে ওই ১০ বিশিষ্ট ব্যক্তির নাম। তালিকার প্রথমেই এইচ টি ইমাম, তাঁর নামের পাশে লেখা 'এন্টি ইসলাম.এডভাইজার'। এরপর পর্যায়ক্রমে রয়েছে অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, তাঁর নামের পাশে লেখা 'আই.দুসমুন.ভিসি'; তারানা হালিম, নামের পাশে লেখা 'নাস্তিক'; জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অসীম সরকার, নামের পাশে লেখা 'হিন্দু মৌলবাদ'; ডা. ইমরান এইচ সরকার, নামের পাশে লেখা 'ব্লগার'; কাবেরী গায়েন, নামের পাশে লেখা 'আই.এনিমি.ভিইউ'; বিকাশ সাহা, নামের পাশে লেখা 'আই.দুসমুন'; ইকবালুর রহিম, নামের পাশে লেখা 'আই.দুসমুন'; পল্টন সুতার, নামের পাশে লেখা 'এন্টি বাংলাদেশ.র.এডভাইজার' ও অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল, নামের পাশে 'এসই.এলএআর'।

এ প্রসঙ্গে অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক কালের কণ্ঠকে বলেন, 'বিষয়টি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে গুরুত্বসহকারে দেখতে হবে। কারা এ ধরনের কাজ করছে, তাদের খুঁজে বের করতে হবে।'

জগন্নাথ হলের প্রভোস্ট ড. অসীম সরকার কালের কণ্ঠকে বলেন, 'বিষয়টি খুবই আশঙ্কার। আমি নিরাপত্তাহীনতা বোধ করছি।' ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এম আমজাদ আলী বলেন, 'শাহবাগ থানায় একটি জিডি করা হয়েছে। আমাদের পক্ষ থেকে খুব সতর্কতা অবলম্বন করা হবে।'

শাহবাগ থানার ওসি আবু বক্কর সিদ্দিক কালের কণ্ঠকে জানান, জগন্নাথ হলের প্রভোস্ট ড. অসীম সরকার বাদী হয়ে রাতে সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। নম্বর ১০৫৮। জিডিতে বলা হয়েছে, আজ (গতকাল) দুপুর ২টায় চিঠিটি পান তিনি। পরে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবহিত করেন। ওসি আরো জানান, হুমকির ঘটনায় ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়েছে।